



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd



নং-৮০৭/ক/অনু:/২০১৬/২২৬৪

তারিখ: ০২/০৬/২০২৪

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে বাংলা মাধ্যমের পাশাপাশি ইংরেজি মাধ্যমে (ভার্সন) শিক্ষার্থী ভর্তি ও অধ্যয়নের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র:

১. অধ্যক্ষের ২৪/০১/২০২৪ তারিখের আবেদন।
২. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ০৯/০৫/২০২৪ তারিখের পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ গাজীপুর জেলার সদর উপজেলাধীন “গাজীপুর রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ”-কে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে বাংলা মাধ্যমের পাশাপাশি ইংরেজি মাধ্যমে (ভার্সন) শিক্ষার্থী ভর্তি ও অধ্যয়নের অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ :

- ১। ব্যবসায় শিক্ষা
- ২। বিজ্ঞান

বিষয়সমূহ :

- | | |
|-------------------|--|
| আবশ্যিক : | ১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| ব্যবসায় শিক্ষা : | ১। হিসাববিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা
৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |
| বিজ্ঞান : | ১। পদার্থ
২। রসায়ন
৩। জীববিজ্ঞান
৪। উচ্চতর গণিত |

শর্তসমূহ:

- ১। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৮। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ৯। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;

(অপর পাতায় দৃষ্টব্য.....২)

- ১০। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে;
- ১১। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- ব্যবসায় শিক্ষা শাখায় ৫০ জন, বিজ্ঞান শাখায় ৫০ জন। শিফট: দিবা, ভার্সন: ইংরেজি, সহশিক্ষা।
- ১২। বিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে;
- ১৩। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - (গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ।

চেয়ারম্যান মহোয়ের আদেশক্রমে

স্বাক্ষর

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক

ও

কলেজ পরিদর্শক (অ: দা:)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

গাজীপুর রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ (EIN-132208)


সদর, গাজীপুর।

মেমো নং- ২২৬৪(৭)

তারিখ: ০২/০৬/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, গাজীপুর
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৮। অফিস কপি


কলেজ পরিদর্শক (অতি. দা.) ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

